connexions CENTRAL LONDON

Helping young people to access learning & work

পিতা-মাতা এবং কেয়ারারদের জন্য

তথ্য

www.**centrallondonconnexions**.org.uk

কিশোর-কিশোরীদের পিতা-মাতা/কেয়ারার এবং অভিভাবকদের জন্য একটি নির্দেশিকা

Connexions কী?

Connexions হল 13-19 এবং 25 বছর পর্যন্ত বয়সের সব কিশোর-কিশোরী এবং যুবক-যুবতী, যারা শিক্ষাগ্রহণে অসুবিধা অথবা প্রতিবন্ধকতায় ভুগছে, তাদের জন্য জাতীয় সহায়তা পরিষেবা।

Connexions শিক্ষা, প্রশিক্ষণ, চাকরি বা কাজ, অর্থ এবং জীবনযাপনের শৈলী সংক্রান্ত বিভিন্ন বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে কিশোর-কিশোরীদের পরামর্শ, পথনির্দেশ এবং সহায়তা দিয়ে তাদের প্রাপ্তবয়স্ক জীবন এবং কর্মজীবনে উত্তরণের পথটি মসৃণ করে তোলে।

কিশোর-কিশোরীরা তাদের ভবিষ্যৎ সম্পর্কে যে সিদ্ধান্তগুলি নেবে তাতে সর্বাধিক গুরুত্বপূর্ণ প্রভাবটি হল পিতা-মাতা এবং সেবাকারী অর্থাৎ কেয়ারারদের, সুতরাং Connexions এর মাধ্যমে কিশোর-কিশোরীরা যে সাহায্য পেতে পারে সে সম্পর্কে আপনার সচেতন থাকা গুরুত্বপূর্ণ।

Connexions কীভাবে আমার পুত্র/কন্যাকে সাহায্য করতে পারে?

সব কিশোর-কিশোরী একজন ব্যক্তিগত পরামর্শদাতা অর্থাৎ পার্সোনাল অ্যাডভাইসার (PA) এর সঙ্গে সাক্ষাৎ করতে পারে যিনি তাদের শিক্ষা, বৃত্তি বা পেশা, চাকরি এবং প্রশিক্ষণ, স্বাস্থ্য, আবাসন, অর্থ ও আর্থিক সুযোগ-সুবিধা, স্বেচ্ছাসেবকের কাজ, উন্নতির সুযোগ এবং অবসর বিনোদন সংক্রান্ত বিভিন্ন বিষয়ে ব্যবহারিক সমর্থন, পরামর্শ এবং পথনির্দেশ দিতে পারবেন।

এছাড়াও কিশোর-কিশোরীরা সেন্ট্রাল লণ্ডনের Connexions এবং স্থানীয় কর্তৃপক্ষের ওয়েবসাইট ও এলাকার সর্বত্র Connexions ওয়ান স্টপ শপগুলি থেকে পরামর্শ এবং তথ্য পেতে পারে।

সকাল 8টা - রাত 2টা পর্যন্ত সপ্তাহের 7 দিনই **080 800 13 2 19** নম্বরে টেলিফোন করে অথবা টেকস্ট এর মাধ্যমে **07766 4 13 2 19** নম্বরের সঙ্গে, ওয়েবচ্যাট অথবা **www.connexions-direct.com** -থেকে প্রাপ্ত ই-মেল এর মাধ্যমে Connexions Direct এর সঙ্গে যোগাযোগ করলে দ্রুত এবং সহজে প্রবেশযোগ্য বিশেষজ্ঞের পরামর্শ পাওয়া যাবে। পিতা-মাতা এবং কেয়ারারেরাও এই পরিষেবাটি পেতে পারেন।

14-19 বছর বয়সে আপনার ছেলে/মেয়ের জন্য শিক্ষার পথ

বিকল্প বিবেচনা 14
GCSE
বুনিয়াদি অর্থাৎ ফাউণ্ডেশন অথবা উচ্চতর অর্থাৎ হায়ার ডিপ্লোমা
বুনিয়াদি শিক্ষা

বিকল্প বিবেচনা 16

বিকল্প বিবেচনা 17
উচ্চতর অর্থাৎ হায়ার অথবা অগ্রবর্তী অর্থাৎ অ্যাডভান্সড ডিপ্লোমা
GCSE/A-লেভেল
বুনিয়াদি শিক্ষা
শিক্ষানবিশি
প্রশিক্ষণসহ কর্মনিযুক্তি

বিকল্প বিবেচনা 18
প্রাপ্তবয়স্কদের শিক্ষা
উচ্চশিক্ষা
শিক্ষানবিশীর পদ – 18
কর্মনিযুক্তি
প্রশিক্ষণসহ কর্মনিযুক্তি

এছাড়াও অবশ্য যখন আপনার 18 বছর বয়স হবে, তখন আপনার সামনে আরও অনেকগুলি বিকল্প পথ থাকবে যার মধ্যে আছে এক বছর কিছু না করা এবং স্বেচ্ছাসেবী হিসেবে কাজ করা।

শিক্ষার পথ অথবা লার্নিং রুট এর অর্থ কী?
উচ্চতর অথবা অগ্রবর্তী ডিপ্লোমা
ডিপ্লোমার মাধ্যমে কাজের সঙ্গে সম্পর্কযুক্ত পাঠক্রমের মাধ্যমে তাত্ত্বিক পঠনপাঠনের সঙ্গে ব্যবহারিক অভিজ্ঞতার মেলবন্ধন ঘটানো হয়। এটি বুনিয়াদি, উচ্চতর এবং অগ্রবর্তী পর্যায়ে লভ্য (লেভেল 1 - লেভেল 3)

GCSE/A-লেভেল
GCSE এবং A-লেভেল এর যোগ্যতাগুলির নিয়মিত পরিমার্জন করা হয় যাতে তাদের উচ্চমান, প্রাসঙ্গিকতা এবং আগ্রহ নিশ্চিতভাবে ধরে রাখা যায়। এগুলিকে ডিপ্লোমার সঙ্গে যুক্ত করা যায়।

বুনিয়াদি শিক্ষা
এটি সেই সব শিক্ষার্থীদের জন্য যারা একটি সম্পূর্ণ 2য় পর্যায়ের যোগ্যতার জন্য প্রস্তুত নন এবং যাদের ক্ষেত্রে প্রত্যেকের জন্য পৃথকভাবে শিক্ষার বিষয়গুলি মিলিয়ে মিশিয়ে ব্যবহার করা হয়।

শিক্ষানবিশি
শিক্ষানবিশীর মাধ্যমে শিক্ষার্থীরা কর্মক্ষেত্রে শিক্ষাগ্রহণ এবং যোগ্যতা অর্জনের সুযোগ পায়। শিক্ষানবিশীর সংখ্যা এবং বিস্তার দারুণভাবে বাড়ছে যাতে 2020 সালের মধ্যে 5 জনের ভিতর 1জন এই পথ গ্রহণ করবে।

বিকল্প বিবেচনা
সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রগুলির অনেক আগেই যাতে কিশোর-কিশোরীরা তাদের পূর্ববর্তী শিক্ষার নিরিখে সবচেয়ে ভালো বিষয় নির্বাচন করতে পারে তার জন্য তাদের পথনির্দেশ দেওয়ার লক্ষ্যে তথ্য এবং পরামর্শের ভূমিকা গুরুত্বপূর্ণ
কিছু কিছু ছাত্রছাত্রী 17 বছর বয়সে পথ পরিবর্তন করতে পারে কারণ 16 বছরের পরে আরও অধিক সংখ্যক এক বছরের পাঠক্রম আছে।

এই সময়ে কিশোর-কিশোরীর প্রয়োজন অনুসারে পথনির্দেশ এবং সহায়তার ব্যাপকতার তারতম্য হতে পারে।

এর অন্তর্ভুক্ত হতে পারে:

- প্রাপ্তবয়স্ক শিক্ষা অথবা ডিগ্রি অর্জনের পাঠক্রম নির্বাচন এবং তার জন্য আবেদন করার ক্ষেত্রে সাহায্য
- চাকরি অথবা প্রশিক্ষণ পাওয়ার জন্য সাহায্য
- যাতে কিশোর-কিশোরীরা তাদের পাঠক্রম সম্পূর্ণ করতে সাহায্য পেতে পারে তার জন্য স্কুল এবং কলেজে সহায়তা
- স্কুল এবং কলেজে থাকাকালীন আর্থিক সাহায্য সংক্রান্ত পরামর্শ
- অবসর সময়ের সেই সব ক্রিয়াকলাপ সংক্রান্ত পরামর্শ যার মাধ্যমে কর্মদক্ষতার উন্নতি ঘটতে পারে
- আর্থিক সুযোগ-সুবিধা অর্থাৎ বেনিফিট অথবা শিশু-পরিচর্যা সংক্রান্ত বিষয়ে সাহায্য
- আবাসন, স্বাস্থ্য অথবা ওষুধপত্রের মত ব্যক্তিগত বিষয়ে পরামর্শ এবং সহায়তা যা কিশোর-কিশোরীদের অধ্যয়ন, প্রশিক্ষণ অথবা কাজে নিযুক্ত হওয়ার সামর্থ্যকে প্রভাবিত করতে পারে।

Connexions এর লক্ষ্য হল আপনার ছেলে/মেয়েকে তাদের লক্ষ্য অর্জনের জন্য প্রয়োজনীয় পরামর্শ অথবা সহায়তা পেতে সাহায্য করা।

কোথায় আমার ছেলে/মেয়ে **Connexions** এর সাহায্য পেতে পারে?
Connexions এর ব্যক্তিগত পরামর্শদাতারা স্কুল, কলেজ, প্রশিক্ষণ প্রকল্প এবং যুবক-যুবতীদের জন্য অনেক প্রকল্প থেকে কাজ করতে পারেন।

প্রত্যেকটি বরো'তে Connexions ওয়ান স্টপ শপ আছে যেখানে আপনার ছেলে/মেয়ে যেতে পারে।

সেণ্ট্রাল লণ্ডনে Connexions এর পরিষেবা সম্পর্কে আরও জানতে, আপনার স্থানীয় কেন্দ্রটি খুঁজে নিতে অথবা আমাদের সঙ্গে যোগাযোগ করতে এই ওয়েবসাইট দেখুন: **www.centrallondonconnexions.org.uk**

এই তথ্য বিকল্প ফরম্যাট-এ পাওয়া যায়, অনুগ্রহ করে **020 7938 8080** নম্বরে টেলিফোন করুন।

যদি এই প্রকাশনাটি সম্পর্কে আপনার কোনো মন্তব্য থাকে, তাহলে ই-মেল করুন:
info@centrallondonconnexions.org.uk

সহায়ক সংযোগসূত্রগুলি
বিভিন্ন বিষয়ে আরও তথ্য, পরামর্শ এবং পথনির্দেশ পাওয়ার জন্য অনুগ্রহ করে সহায়ক সংযোগসূত্রের তালিকাটি দেখুন।

www.direct.gov.uk
www.parentscentre.gov.uk
www.parentlineplus.org.uk
www.gotateenager.org.uk
www.mychoicelondon.co.uk
www.parentpartnership.org.uk
http://moneytolearn.direct.gov.uk
www.parentchannel.tv

connexions CENTRAL LONDON

Helping young people to access learning & work

সেণ্ট্রাল লণ্ডনে Connexions ওয়ান স্টপ শপ

বরো	নাম এবং ঠিকানা	টেলিফোন
Camden	**West Euston One Stop Shop,** Corner of Hampstead Road and Robert Street, Camden, London, NW1 3ED	**020 7388 6007**
	Connexions Camden Centre, 78 Parkway, Camden, London, NW1 7AN	**020 7482 3996**
	Crowndale Centre, 218-220 Eversholt Street, Camden, NW1 1BD	**020 7974 4595**
	South Camden Youth Access Point (SCYAP), 82-84 Cromer Street, Camden, W1CH 8DR	**020 7974 8256/ 020 7974 8257**
	Gospel Oak Youth Access Point, 44 Ashdown Crescent Street, Camden, NW5 4QE	**020 7974 7105**
Islington	**PULSE,** 164 Holloway Road, London, N7 8DD	**020 7527 1300**
	The Zone, Holloway School, Hilldrop Road, London, N7 0JG	**020 7607 5885 / 020 7697 9242**
	Caxton House, 129 St Johns Way, London, N19 3RQ	**020 7281 9897**
Kensington and Chelsea	**Connexions Centre,** 125 Freston Road, London, W10 6TH	**020 7938 8008**
Lambeth	**Connexions Centre,** 1-5 Acre Lane, Brixton, London, SW2 5TB	**020 7326 7642**
Southwark	**Southwark Learning Business Centre,** Cator Street, London, SE15 6AA	**020 7525 4357**
	Faces in Focus, 102 Harper Road, Elephant and Castle, London, SE1 6AQ	**020 7403 2444**
Wandsworth	**Connexions Centre,** 17 Falcon Road, Battersea, London, SW11 2PJ	**020 7326 8700**
	Connexions at Tooting Base, 74-80 Upper Tooting Road, Tooting, London, SW17 7PB	**020 8682 9457**
	Connexions at Roehampton Base, 33-35 Danebury Avenue, Roehampton, London, SW15 4DQ	**020 8780 5253**
Westminster	**Youth Hub at Stowe,** The Stowe Centre, 258 Harrow Road, London, W2 5ES	**020 7641 7747**
	Connexions Youth Hub at Lupus Street, 131 Lupus Street, London, SW1V 3EN	**020 7641 2069 / 020 7641 4012**

সেপ্টেম্বর 2010

কখন খোলা থাকে সে সম্পর্কে জানতে www.centrallondonconnexions.org.uk দেখুন